# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**10-04-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়। এই দফার জন্য ২ হাজার ২২৪-টি মনোনয়নপত্র জমা পড়েছে।

২) আইনি জটিলতার কারণে নির্বাচন কমিশন কৃষ্ণনগর উত্তর বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী অভিনব ভট্টাচার্যের মনোনয়ন বাতিল করেছে।

৩) ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যে জমে উঠেছে প্রচারাভিযান।

বরিষ্ঠ বিজেপি নেতা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ পশ্চিম মেদিনীপুরে একাধিক জনসভা থেকে রাজ্যে তৃণমূল কংগ্রেসের আমলে আইনশৃঙ্খলা ব্যবস্থা ভেঙে পড়েছে বলে অভিযোগ করেছেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জীও কেন্দ্রের বিরুদ্ধে নানা অভিযোগে সরব হয়েছেন।

৪) নির্বাচন কমিশনের ভোটার তালিকা ফ্রিজ করাকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের নতুন করে মামলা দায়ের হয়েছে।

৫) আকাশবাণী কলকাতার উদ্যোগে আয়োজিত এক কর্মশালায় যোগ দিয়ে নির্বাচন কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন, ভয়মুক্ত পরিবেশে ভোটদান সুনিশ্চিত করতে একাধিক পদক্ষেপ নেওয়া হচ্ছে।

৬) একটানা ঝড়বৃষ্টির পর দক্ষিণবঙ্গে আগামী পাঁচ দিনে তাপমাত্রা ৭° সেলসিয়াস পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়। এই দফায় ১৪২-টি আসনের জন্য গতকাল ছিল মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন। ১৩-ই এপ্রিল পর্যন্ত প্রার্থী পদ প্রত্যাহার করা যাবে। কমিশন সূত্রে জানা গেছে, দ্বিতীয় দফার জন্য ২ হাজার ২২৪-টি মনোনয়নপত্র জমা পড়েছে। এই দফায় ২৯-শে এপ্রিল ভোট গ্রহণ।

এদিকে, রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচনে ১৫২টি আসনের জন্য ১ হাজার ৪৭৮ জন প্রার্থী চূড়ান্ত প্রতিদ্বন্দ্বিতার আসরে রইলেন। গতকাল ছিল প্রথম দফার জন্য মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, মোট ১৮৮ জন প্রার্থী তাঁদের মনোনয়ন প্রত্যাহার করেছেন। প্রথম দফায় আগামী ২৩ এপ্রিল ভোট গ্রহণ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকারের সঙ্গে ব্যবসায়িক চুক্তি থাকায়, সৃষ্ট জটিলতার কারণে নির্বাচন কমিশন কৃষ্ণনগর উত্তর বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী অভিনব ভট্টাচার্যের মনোনয়নপত্র বাতিল করেছে। জন প্রতিনিধিত্ব আইনে ৯-এর A ধারায় তাঁর মনোয়ন বাতিল করে দিয়েছেন রিটার্নিং অফিসার।

উল্লেখ্য, কোন ব্যক্তি সরকারী কাজের সঙ্গে সরাসরি ঠিকাদারিতে যুক্ত থাকলে বা সরকারের সঙ্গে কোন ব্যবসায়িক স্বার্থ জড়িয়ে থাকলে নিয়ম অনুযায়ী তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন না।

এদিকে, এই সিদ্ধান্ত নেওয়া হতে পারে – সেই আশঙ্কায় সোমনাথ দত্ত তৃণমূল কংগ্রেসের বিকল্প প্রার্থী হিসেবে ইতমধ্যেই মনোনয়ন জমা দিয়েছেন। তিনই ওই কেন্দ্র থেকে দলের হয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

oooooooooooooooooooooo

বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ থেকে ফের এক দফা জেলা সফর শুরু করেছেন। আজ বীরভূমে পৌঁছে তিনি দুবরাজপুর এলাকার বিভিন্ন গ্রামে গিয়ে সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন। এলাকার পরিস্থিতি সম্পর্কে খোঁজ খবর নেন। সকলকে ভয়শূন্য হয়ে ভোট দেওয়ার তিনি আবেদন জানিয়েছেন। এরপরে মুখ্য নির্বাচনী আধিকারিক বোলপুরে নির্বাচনের সঙ্গে যুক্ত পর্যবেক্ষক সহ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। আজ রাতেই তার মুর্শিদাবাদ পৌঁছানোর কথা। আগামীকাল সকালে মুখ্য নির্বাচনী আধিকারিক মুর্শিদাবাদের ভোট প্রস্তুতি নিয়ে পর্যবেক্ষক ও অন্যান্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

ooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গেই জোরদার হয়ে উঠেছে প্রচারাভিযান। বরিষ্ঠ বিজেপি নেতা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ কলকাতায় দলীয় কর্মসূচীতে যোগ দিয়ে বিজয় সংকল্পপত্র প্রকাশ করে। একাধিক জনসভায় অংশ নেন তিনি। পশ্চিম মেদিনীপুরের ডেবরার পর খড়গপুরে দলীয় প্রার্থীর সমর্থনে এক জন সভায় শ্রী শাহ্ বক্তব্য রাখেন। তিনি বলেন, রাজ্যে তৃণমূল কংগ্রেসের আমলে কোনরকম উন্নয়ন হয়নি। মহিলাদের ওপর অ্যাসিড হামলার ঘটনায় এরাজ্যে সবচেয়ে বেশি বলে জানিয়ে তিনি অভিযোগ করেন, আইনশৃঙ্খলা ব্যবস্থা এখানে সম্পূর্ণ ভেঙে পড়েছে।

(বাইট – অমিত শাহ্)

পরে তিনি এক রোডশোতেও অংশ নেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দলের প্রার্থীর হয়ে মেদিনীপুর শহরে একটি রোডশো করেন। কলেজ মাঠ থেকে শুরু হয়ে পদযাত্রা জগন্নাথ মন্দিরে গিয়ে শেষ হয়। এক জনসভায় তিনি আবারও কেন্দ্রের বিজেপি সরকারের তীব্র সমালোচনা করেছেন।

(বাইট – মমতা)

অন্যদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী এক সাংবাদিক বৈঠকে সমস্ত বৈধ ভোটারের নাম তালিকাভূক্ত না হওয়া পর্যন্ত ভোটদান প্রক্রিয়া বন্ধ রাখার আর্জি জানিয়েছেন ।

বামফ্রন্ট, আই এস এফ সহ অন্য রাজনৈতিক দলের নেতানেত্রীরাও মিটিং, মিছিল, জনসভার মাধ্যমে ভোটারদের মন জয়ের চেষ্টা চালাচ্ছেন।

oooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে এলাকা পরিদর্শন এবং নজরদারির জন্য রাতের কলকাতায় বরিষ্ঠ পুলিশ আধিকারিকরা রাস্তায় থাকবেন। কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দ এক নির্দেশে জানিয়েছেন, রাত ১০-টা থেকে ২-টো পর্যন্ত এই সব আধিকারিকরা এলাকা পরিদর্শনের পাশাপাশি কড়া নজরদারি চালাবেন। এজন্য সব থানার আধিকারিকদের প্রস্তুত থাকতে বলা হয়েছে। প্রয়োজনে এই সব আধিকারিকদের সঙ্গে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরাও থাকবেন।

oooooooooooooooooooooooo

রাজ্যে প্রথম দফার নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে নির্বাচন কমিশনের ভোটার তালিকা ফ্রিজ করাকে চ্যালেঞ্জ জানিয়ে

সুপ্রিম কোর্টে নতুন করে মামলা দায়ের হয়েছে। আগামী ১৩-ই এপ্রিল এস আই আর-এর অন্য মামলার সঙ্গেই এই মামলারও শুনানি গ্রহণ করবেন প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ।

ট্রাইব্যুনালে ছাড়পত্র পাওয়া বা যোগ্য বলে বিবেচিত ভোটাররা আগামী বিধানসভা নির্বাচনে ভোট নিতে পারবেন কিনা বা বাতিল হওয়া ভোটারদের অ্যাপিলেট ট্রাইব্যুনাল ছাড়পত্র দিলে ফ্রিজ করা ভোটার তালিকায় তাদের অন্তর্ভুক্ত করা হবে কিনা, সেবিষয়ে আগামী সোমাবারই সিদ্ধান্ত নেবে শীর্ষ আদালত। এরফলে ট্রাইব্যুনালে নিষ্পত্তি হওয়া ভোটারদের ভবিষ্যত নিয়ে ওই দিনই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

oooooooooooooooooooooo

আকাশবাণী কলকাতার উদ্যোগে সাংবাদিকদের নির্বাচন সংক্রান্ত খবর পরিবেশন নিয়ে আজ একটি বিশেষ কর্মশালার আয়োজন করা হয়। এই কর্মশালায় নির্বাচন কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী এবং উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুমন্ত রায় সাংবাদিকদের নির্বাচন সংক্রান্ত খবর পরিবেশনার খুঁটিনাটি তুলে ধরেন। এছাড়াও, বিশিষ্ট সাংবাদিক স্নেহাশিস শূর নির্বাচনের প্রযুক্তিগত পরিবর্তনের দিকটি তুলে ধরেন। আকাশবাণীর সংবাদ সেবা বিভাগের মহানির্দেশক ধীরজ এম কাকাড়িয়া অনলাইনে সংবাদদাতা ও প্রতিনিধিদের সঠিক ও তথ্যনির্ভর খবর দেওয়ার জন্য পরামর্শ দেন।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

oooooooooooooooooooooo

একটানা ঝড়বৃষ্টির পর দক্ষিণবঙ্গে আগামী পাঁচ দিনে তাপমাত্রা ৫ থেকে ৭° সেলসিয়াস পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আগামী সোমবার থেকে রাজ্যে উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কতা জারি করা হয়েছে। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে অবশ্য দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

এদিকে, আজও সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের প্রায় ৪ ডিগ্রী কম, ৩১ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস।

oooooooooooooooooooooo

মোহনবাগান ও ইস্টবেঙ্গল, আগামীকাল কলকাতা প্রিমিয়ার হকি লিগের ফাইনালে মুখোমুখি হবে। যুব ভারতীর হকি স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল চারটেয়। মোহনবাগান লিগ পর্বে ৬ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে শীর্ষ স্থানে শেষ করেছে। অন্যদিকে দ্বিতীয় স্থানে থাকা ইস্টবেঙ্গলের ৬ ম্যাচে পয়েন্ট ১৩ ।

এ পর্যন্ত মোহনবাগান ৪৩ বার ফাইনালে উঠে ২৬ বার বিজয়ী হয়েছে। ইস্টবেঙ্গল ২৭ বার ফাইনালে পৌঁছে ১১ বার লিগ জয় করেছে।

ooooooooooooooooooooooo

oooooooooooooooooooooo